দৈনিক খবর

তারিখ 1? NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৪

# শিক্ষামন্ত্রীর সাথে বিসিএস সমিতির বৈঠক

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের সাথে গত সোমবার বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতৃবৃন্দের এক বৈঠকে সমিতির ১৬ দফা দাবী নিয়ে সন্তোষজনক আলোচনা অনুষ্ঠিত হয়।

বৈঠকে জাতীয়করণকৃত কলেজগুলোতে প্রায় ৪৫০টি নতুন পদ সৃষ্টি, বিশেষ বিসিএস-এর মাধ্যমে প্রায় ১৪০০ প্রভাষক নিয়োগ এবং সরকারী কলেজ শিক্ষকদের জন্যে উচ্চ শিক্ষা ও বৃত্তি প্রদানে ঐক্যমত প্রতিষ্ঠিত হয়। বৈঠকে সহযোগী অধ্যাপক ও অধ্যাপকদের জন্যে সিলেকশন গ্রেড প্রদান এবং সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতির ব্যাপারেও কতিপয় সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে কলেজ শিক্ষার মান উন্নয়ন এবং একে বাস্তবানুগ করার ওপর জোর দেয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে শিক্ষা সচিব ইরশাদুল হক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক এম ইউনুস মিয়া, সমিতির সভাপতি ডঃ কিউ এ টি এম হাবিবুর রহমান, সাধারণ সম্পাদক অধ্যাপক আবু ইউসুফ, কোষাধ্যক্ষ এনায়েত হোসেন মিয়া, সমিতির সদস্য অধ্যক্ষ জোনাব আলী, হারাধন গাংগুলী, কফিল উদ্দিন, মোলিম খন্দকার, মিসেস লাইলী বেগম, মিসেস রেদওয়ানা আক্তার, ইমান আলী এবং আঃ হাই তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।